

মৌমাছি, মৌমাছি
কোথা যাও নাচি নাচি
দাঁড়াও না একবার ভাই।
ঐ ফুল ফুটে বনে
যাই মধু আহরণে
দাঁড়াবার সময় ত নাই।



ছোটো পাখি, ছোটো পাখি
কিচিমিচি ডাকি ডাকি
কোথা যাও বলে যাও শুনি।
এখন না কব কথা
আনিয়াছি তৃণলতা,
আপনার বাসা আগে বুনি।



পিপীলিকা, পিপীলিকা,
দল-বল ছাড়ি একা
কোথা যাও, শুনি যাও বলি।
শীতের সঞ্চয় চাই,
খাদ্য খুঁজিতেছি তাই
ছয় পায় পিলপিল চলি।